

যৌথ মিডিয়া বিজ্ঞপ্তি

বাংলাদেশে বছরে এক মিলিয়ন টন এলএনজি সরবরাহের লক্ষ্যে

সামিট এবং কমনওয়েলথ এলএনজি সমঝোতা চুক্তি সই করল



ফটো ক্যাপশন: ওয়াশিংটনে অবস্থিত বাংলাদেশের দূতাবাসে মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ডঃ তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম মহোদয়ের উপস্থিতিতে সামিট এবং কমনওয়েলথ এলএনজি বাংলাদেশে বছরে এক মিলিয়ন টন এলএনজি সরবরাহের লক্ষ্যে সমঝোতা চুক্তি সই করল।

(ওয়াশিংটন ডিসি) ২শরা আগস্ট ২০২১, সোমবার: সামিট অয়েল এন্ড শিপিং কোম্পানি লিঃ, দেশের প্রথম এবং সর্ববৃহৎ জ্বালানী তেল আমদানিকারক ও সরবরাহকারি প্রতিষ্ঠান, যুক্তরাষ্ট্রের কমনওয়েলথ এলএনজি-র সাথে বাংলাদেশ সহ এশিয়ার অন্যান্য স্থানে এলএনজি সরবরাহের লক্ষ্যে সম্প্রতি একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে। সামিট অয়েল এন্ড শিপিং বাংলাদেশের সর্ববৃহৎ অবকাঠামো প্রতিষ্ঠান সামিট গ্রুপের একটি অঙ্গ প্রতিষ্ঠান।

মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ডঃ তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম মহোদয়ের উপস্থিতিতে ওয়াশিংটনে অবস্থিত বাংলাদেশের দূতাবাসে এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে মাননীয় উপদেষ্টা ডঃ তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতির জন্যে জ্বালানী উৎসের লভ্যতার গুরুত্ব আরোপ করেন। তিনি সামিট অয়েল এন্ড শিপিং এবং কমনওয়েলথ এলএনজি-র এই সমঝোতা চুক্তি স্বাক্ষরকে সাধুবাদ জানিয়ে এই পদক্ষেপটি যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে বিদ্যমান জ্বালানী বিষয়ক সহযোগিতা আরো বেগবান হবে বলে আশা ব্যক্ত করেন।

এই চুক্তিটির আওতায় সামিট অয়েল এন্ড শিপিং বিশ বছর পর্যন্ত লুসিয়ানার ক্যামেরনে অবস্থিত কমনওয়েলথ-র ৮.৪ এমটিপিএ ক্ষমতা সম্পন্ন দ্রুত উন্নয়নশীল অবকাঠামো থেকে সম্ভাব্য বছরে এক মিলিয়ন টন এলএনজি ক্রয় করতে পারবে।

সামিট অয়েল এন্ড শিপিং-এর অন্য সংশ্লিষ্ট কোম্পানী সমূহ ভারত-উপমহাদেশে আনুমানিক তিন গিগাওয়াট গ্যাস-থেকে-বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা এবং উন্নয়নশীল আছে। এছাড়া সামিট এলএনজি টার্মিনাল কো লিঃ, কক্সবাজারের মহেশখালীতে একটি ৫০০ এমএমসিএফডি ক্ষমতা সম্পন্ন ফ্লোটিং স্টোরেজ এন্ড রিগ্যাসিফিকেশন ইউনিট পরিচালনা করে।

সামিট গ্রুপ অফ কোম্পানীজের ভাইস চেয়ারম্যান **ফরিদ খান** মন্তব্য করেন, "আমরা অত্যন্ত গর্বিত এই পদক্ষেপ নিতে পেরে যাতে করে বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধিতে আমাদের পরিচ্ছন্ন জ্বালানী জোগান দিতে সক্ষম হতে পারি। আমরা যুক্তরাষ্ট্রের এলএনজি সরবরাহে কমনওয়েলথ-কে আমাদের সহযোগী হিসেবে পেয়ে আনন্দিত। এতে বাংলাদেশের জন্য এলএনজি-র উৎসে বৈচিত্রতা আনবে আর হেনরি হাব-র ভিত্তিতে মূল্য স্থিতিশীলতার সুবিধা ভোগ করতে পারবে।"

কমনওয়েলথ-র পক্ষ থেকে, প্রেসিডেন্ট এন্ড সিইও **পল ভারেলো** বলেন যে এই সমঝোতা চুক্তি প্রমাণ করে আমাদের দুটি কোম্পানীর লক্ষ্য এক।

ভারেলো বলেন, "কমনওয়েলথ-র আকাঙ্ক্ষা সবচেয়ে কম খরচে (গ্যাস) তরলীকরণ সেবা দেয়া, যেখানে যুক্তরাষ্ট্র ইতিমধ্যে পৃথিবীর প্রতিযোগীতামূলক বাজারে গুরুত্বপূর্ণ ভূমিকায় রাখছে। এই সেবা আরো আবশ্যকীয় বিশেষ করে বাংলাদেশের মতো একটি উদীয়মান অর্থনীতির জন্য যেখানে টেকসই প্রবৃদ্ধির জন্য অধিক জ্বালানীর প্রয়োজন। সামিট এই প্রয়োজনটি উপলব্ধি করেছে আর তাতে কমনওয়েলথ এলএনজি সহযোগী হতে পেরে আনন্দিত।"

কমনওয়েলথ একটি দ্রুত পদ্ধতিতে নির্মাণকাজ করছে যা এই অবকাঠামো প্রকল্পটি মাত্র তিন বছরে শেষ হবে। এই পদ্ধতিতে প্রধানত প্রি-ফেব্রিকেটেড অংশগুলো অন্যস্থান থেকে এনে জুড়ে দিয়ে কম সময়ে নির্মাণ করা হচ্ছে।

সংক্ষেপে কমনওয়েলথ এলএনজি:

কমনওয়েলথ এলএনজি, ৮.৪ এমটিপিএ তরলীকৃত প্রাকৃতিক গ্যাস রপ্তানি টার্মিনাল প্রকল্প যা মেক্সিকো উপসাগরের লুইসিয়ানায় ক্যামেরনের নিকটে ক্যালকাসিউ নদীর তীরে অবস্থিত। প্রকল্পটির নেতৃত্ব ঝুঁকি ব্যবস্থাপনা এবং মূলধনের প্রয়োজন কমিয়ে একটি বিশ্বমানের এলএনজি অবকাঠামো তৈরী করতে নিরলসভাবে কাজ করে চলেছে।

ওয়েবসাইট : www.CommonwealthLNG.com

লিংকডইন : <https://www.linkedin.com/company/commonwealth-lng>

সংক্ষেপে সামিট অয়েল এন্ড শিপিং কোম্পানী লি: (এসওএসসিএল): ১৯৯৮ সালে প্রতিষ্ঠিত, সামিট অয়েল এন্ড শিপিং, সামিট গ্রুপের একটি অঙ্গপ্রতিষ্ঠান এবং বেসরকারি খাতে বাংলাদেশের শীর্ষস্থানীয় জ্বালানী তেল আমদানিকারক ও সরবরাহকারি প্রতিষ্ঠান।

ওয়েবসাইট : www.soscl.net

ফেইসবুক : <https://www.facebook.com/SummitOilShipping>

মিডিয়া অনুসন্ধানের জন্য:

সামিট অয়েল এন্ড শিপিং কোম্পানি লিঃ

মোহসেনা হাসান

হেড অফ পাবলিক রিলেশন এন্ড মিডিয়া

ইমেইল: mohsena.hassan@summit-centre.com |

মোবাইল +৮৮০১৭১৩০৮১৯০৫

কমনওয়েলথ এলএনজি

লাইল হানা

ডিরেক্টর অফ কমিউনিকেশন

ফোন : 346-352-4436

ইমেইল: lhanna@teamcpl.com